

# যুগান্তর

প্রিন্ট: ২০ জুলাই ২০২৫, ০৯:৩২ এএম

শিক্ষাঙ্গন

## ‘আমাদের ভয় দেখিয়ে শয়তান নিজে দিল্লি পালিয়ে গেছে’



জবি প্রতিনিধি

প্রকাশ: ১৭ জুলাই ২০২৫, ১০:০৪ পিএম



ছবি: যুগান্তর

জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখা ইসলামী ছাত্রশিবির আয়োজিত নবীনবরণ অনুষ্ঠানে এক নারী শিক্ষার্থীর দেওয়া বক্তব্যকে কেন্দ্র করে আলোচনার ঝড় উঠেছে সামাজিক যোগাযোগমাধ্যমে।

জয়নাব হাসান নামে ওই নারী শিক্ষার্থী কবি আল মাহমুদের কবিতার উদ্ধৃতি দিয়ে বলেছেন, আমাদের ভয় দেখিয়ে শয়তান নিজেই দিল্লি পালিয়ে গেছে।

জয়নাব হাসান বিশ্ববিদ্যালয়ের নৃবিজ্ঞান বিভাগে ২০২৪-২৫ শিক্ষাবর্ষের ছাত্রী। তিনি কবি আল মাহমুদের 'আমাদের মিছিল' কবিতা আবৃত্তি করেন। কবিতার শ্লোক 'আমাদের ভয় দেখিয়ে শয়তান নিজেই অন্ধকারে পালিয়ে যায়' এর সঙ্গে মিলিয়ে 'আমাদের ভয় দেখিয়ে শয়তান নিজেই দিল্লি পালিয়ে গেছে' বলে মন্তব্য করেন তিনি।

জয়নাব হাসান বলেন, ৫ আগস্ট যখন শেখ হাসিনা পালিয়ে গেল, তখন কবি আল মাহমুদের বখতিয়ারের ঘোড়া কবিতার একটা লাইন বেশি মনে পড়ছিল, 'দ্যাখো দ্যাখো, জালিম পালায় খিড়কি দিয়ে'। আমার মনে হয়, কবি আল মাহমুদ অনেক বছর আগে বলে দিয়েছেন, জালিমরা কিভাবে লেজ গুটিয়ে পালিয়ে যায়।

জয়নাব হাসান আরও বলেন, আজকে আমার এই প্রোগ্রামে আসার মূল কারণ হলো ড. মিজা গালিব। আমি ব্যক্তিগতভাবে গালিব ভাইকে খুব বেশি অনুসরণ করি। তিনি বলে গেছেন একটু আগে, আমাদের সাংস্কৃতিক ও রাজনৈতিকভাবে সচেতন হতে হবে। আমি নিজেও তাই মনে করি। গালিব ভাইয়ের সঙ্গে স্টেজ শেয়ার করতে পারাটা আমার জীবনে অনেক বেশি গর্বের বলে মনে করি।

নবীনবরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন ছাত্রশিবিরের কেন্দ্রীয় সভাপতি জাহিদুল ইসলাম। বক্তব্য রাখেন ইতিহাস বিভাগের অধ্যাপক ড. মুহাম্মদ বিলাল হোসাইন, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখা সভাপতি রিয়াজুল ইসলাম। অনুষ্ঠানে আগত ২ হাজার নবীন শিক্ষার্থীদের জন্য দুপুরের খাবারের ব্যবস্থা ছাড়াও তাদের ফুল দিয়ে বরণ করে নেওয়া হয়।



